আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

***Website: www.bb.org.bd***

ডিএফআইএম সার্কুলার নং-০২

তারিখঃ ১০ মাঘ ১৪২৮
২৪ জানুয়ারি ২০২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে আর্থিক প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের (মাঠ প্রশাসন সমন্বয় শাখা) ২৩ জানুয়ারি ২০২২ তারিখের স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.১৪২ এর সূত্রে করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতি বিবেচনায় ০৬ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলো ঃ

১। স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক রোস্টারিং এর মাধ্যমে অর্ধেক সংখ্যক কর্মকর্তা/কর্মচারী নিয়ে আর্থিক সেবা কার্যক্রম পরিচালনা করতে হবে। তবে, আবশ্যকীয় আর্থিক সেবা অব্যাহত রাখার নিমিত্তে প্রয়োজনের নিরিখে স্বীয় বিবেচনায় সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;

২। অফিসে আগত কর্মকর্তা/কর্মচারীগণের দুই ডোজ টিকা গ্রহণের বিষয়টি নিশ্চিত করতে হবে;

৩। উক্ত সময়ে অফিসে অনুপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ Work from Home হিসেবে গণ্য হবেন। Work from Home-এ থাকা কর্মকর্তা/কর্মচারীগণ নিজ নিজ কর্মস্থলে অবস্থান করবেন এবং দাপ্তরিক কার্যক্রম ভার্চুয়ালি (ই-টেন্ডারিং, ই-মেইল, এসএমএস, হোয়াটসঅ্যাপসহ অন্যান্য মাধ্যম) সম্পন্ন করবেন; এবং

৪। আর্থিক প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা/কর্মচারীগ এবং সেবা গ্রহণে আগত গ্রাহকদের আবশ্যিকভাবে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৭৮